

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ২৫, ২০১৫

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ দিলকুশা বা/এ

ঢাকা-১০০০।

প্রজ্ঞাপন

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২২ বঙ্গাব্দ/১১ জুন ২০১৫ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং ১৬৩-আইন/২০১৫।—বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২নং আইন) এর ধারা ৩০, ধারা ৩২ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। শিরোনাম।—এই প্রবিধানমালা রিভিউ এর (সময়, ফরম ও ফি) প্রবিধানমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

- (ক) “আইন” অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২নং আইন);
- (খ) “কর্তৃপক্ষ” অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- (গ) “কর্তৃপক্ষের তহবিল” অর্থ আইনের ধারা ২(খ) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষের তহবিল;
- (ঘ) “ফরম” অর্থ এই প্রবিধানমালার সহিত সংযোজিত ফরম।

(৬৬৩১)

মূল্য ঃ টাকা ৮.০০

৩। রিভিউ এর সময়।—(১) আইনের অধীন চেয়ারম্যান বা কোন সদস্য বা কর্মকর্তার আদেশ দ্বারা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান সংক্ষুব্ধ হইলে, উহা প্রাপ্তির পর ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে, প্রবিধান ৬ এ বর্ণিত হারে ফি প্রদান সাপেক্ষে, সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের চেয়ারম্যানের নিকট উহা রিভিউ এর জন্য প্রবিধান ৫ এ উল্লিখিত ফরম অনুসারে আবেদন দাখিল করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন দাখিলকৃত রিভিউ আবেদন গ্রহণের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে কর্তৃপক্ষ উহা চূড়ান্তভাবে নিষ্পত্তি করিবে।

৪। কর্তৃপক্ষের আদেশ চূড়ান্ত।—আইনের ধারা ৩২ এর উপ-ধারা (৪), উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এর বিধান অনুসারে প্রবিধান ৩ এর অধীন দাখিলকৃত রিভিউ আবেদনের উপর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আদেশ চূড়ান্ত হইবে।

৫। রিভিউ এর ফরম।—প্রতিটি রিভিউ আবেদন ফরম বীউনিক-ক বা, ক্ষেত্রমত, বীউনিক-খ অনুযায়ী দাখিল করিতে হইবে।

৬। রিভিউ ফি।—(১) প্রতিটি আদেশের জন্য রিভিউ ফি হইবে ১০০০ (এক হাজার) টাকা।

(২) ব্যাংক ড্রাফট, পে-অর্ডার বা চেকের মাধ্যমে উপ-প্রবিধান (১) এ উল্লিখিত ফি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের তহবিলের অনুকূলে পরিশোধ করিতে হইবে এবং উহার অনুলিপি প্রবিধান ৩ এর অধীন দাখিলকৃত আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

ফরম বীউনিক-ক
(প্রবিধান ৫ দ্রষ্টব্য)
রিভিউ এর আবেদন [ব্যক্তি কর্তৃক]

চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা

জনাব,

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের..... কর্তৃক প্রদত্ত আদেশ
রিভিউ করিবার জন্য প্রয়োজনীয় কাগজাদি, তথ্যাদি ও প্রয়োজনীয় বৃত্তান্তসহ এতদসঙ্গে অনুরোধ
করিতেছি :

- ১। আবেদনকারীর নাম
- ২। পিতার/স্বামীর নাম
- ৩। মাতার নাম
- ৪। জন্ম তারিখ
- ৫। জাতীয়তা
- ৬। জাতীয়তা পরিচিতি নম্বর, যদি থাকে
- ৭। আবাসিক ঠিকানা
-
- ৮। স্থায়ী ঠিকানা
-
-
- ৯। ফোন, ফ্যাক্স, ই-মেইল
- ১০। আদেশের বর্ণনা (আদেশের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে)
.....
.....
- ১১। আবেদন রিভিউ করিবার কারণ (সংশ্লিষ্টতার কারণ).....
.....
.....
- ১২। আবেদনের সমর্থনে কোন প্রাসঙ্গিক দলিল বা কাগজাদি:
(ক).....
(খ).....

আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত বৃত্তান্ত ও ঘোষণা সত্য এবং কোন ভুল
তথ্য বা কাগজাদি দাখিল করা হয় নাই।

স্থান.....

আপনার বিশ্বস্ত

ফরম বীউনিক-খ
(প্রবিধান ৫ দ্রষ্টব্য)
রিভিউ এর আবেদন [প্রতিষ্ঠান কর্তৃক]

চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা

জনাব,

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের..... কর্তৃক প্রদত্ত আদেশ
রিভিউ করিবার জন্য প্রয়োজনীয় কাগজাদি, তথ্যাদি ও প্রয়োজনীয় বৃত্তান্তসহ এতদসঙ্গে অনুরোধ
করিতেছি :

- ১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা.....
- ২। ফোন, ফ্যাক্স, ই-মেইল
- ৩। আদেশের বর্ণনা (আদেশের কপি সংযুক্ত করিতে হইবে)
- ৪। আদেশ রিভিউ করিবার কারণ.....
- ৫। আদেশ রিভিউ এর সমর্থনে প্রাসঙ্গিক দলিল বা কাগজাদি
(ক).....
(খ).....

আমি, আবেদনকারী প্রতিষ্ঠানের পক্ষে, এতদ্বারা ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত বৃত্তান্ত ও
ঘোষণা সত্য এবং কোন ভুল তথ্য বা কাগজাদি দাখিল করা হয় নাই।

স্থান.....

আপনার বিশ্বস্ত

তারিখ.....

(আবেদনকারী প্রতিষ্ঠানের পক্ষে)

স্বাক্ষর

সীল

কর্তৃপক্ষের আদেশক্রমে
এম শেফাক আহমেদ, একচুয়ারি
চেয়ারম্যান।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd